**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 22-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM visit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে স্বাগত জানাতে ত্রিপুরা সম্পূর্ণ প্রস্তুত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ বিকেলে প্রসাদ প্রকল্পে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরের নবনির্মিত পরিকাঠামো ও সৌন্দর্যায়নের উদ্বোধন করবেন।

নতুন পরিকাঠামো নির্মাণে ব্যয় হয়েছে ৪৯ কোটি টাকা। প্রধানমন্ত্রী শ্রী মোদি ত্রিপুরেশ্বরী মায়ের পূজোও দেবেন। রাজ্য পুলিশের IG ইপার মঞ্চক গতকাল জানিয়েছেন, মন্দির চত্বর সহ গোটা উদয়পুর শহরে ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। OTPC পালাটানা থেকে মন্দির পর্যন্ত ১২ কিলোমিটারের রোডশো`রও পরিকল্পনা করা হয়েছে, সেখানে কঠোর নিরাপত্তা বলয় থাকবে | নিরাপত্তা সুনিশ্চিত করতে ত্রিপুরা পুলিশের পাশাপাশি সি.আর.পি.এফ. এবং বি.এস.এফ. জওয়ানদের মোতায়েন করা হয়েছে। আজ বিকেলে অরুণাচল প্রদেশ থেকে তাঁর আগরতলায় পৌঁছানোর কথা রয়েছে এবং সেখান থেকে উদ্বোধনী অনুষ্ঠানের জন্য সরাসরি রাজ্যের রাজধানী থেকে প্রায় ৬৫ কিলোমিটার দক্ষিণে উদয়পুরে যাবেন।

**************************

**PM to the nation(GST) :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নবরাত্রির প্রথম দিন থেকে পরবর্তী প্রজন্মের পণ্য ও পরিষেবা কর সংস্কার বাস্তবায়িত হবে। গতকাল সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে ভাষণে তিনি বলেন পণ্য ও পরিষেবা কর সাশ্রয় উৎসবে মানুষ কম দামে তাদের পছন্দের পণ্য কিনতে পারবেন। তিনি আরও বলেন, এই সংস্কারের মাধ্যমে দেশের উন্নয়নের ছবি বদলে যাবে এবং যুব, নব্য মধ্যবিত্ত, কৃষক, মহিলা, দোকানদার, ব্যবসায়ী এবং উদ্যোগীরা এই সাশ্রয় উৎসব থেকে ব্যাপক উপকৃত হবেন। তিনি উল্লেখ করেন প্রতিটি রাজ্য দেশের উন্নয়ন অভিযাত্রায় সমান অংশীদার হবে। তিনি পরবর্তী প্রজন্মের পণ্য ও পরিষেবা কর সংস্কার, সাশ্রয় উৎসব এবং নবরাত্রির জন্য জাতির প্রতি শুভেচ্ছা জানিয়ে বলেন, নবরাত্রির প্রথম দিন থেকেই জাতি আত্মনির্ভর ভারত অভিযানে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ নিচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, বর্তমান সরকার কর ব্যবস্থাকে সরলীকৃত করেছে। তিনি নিশ্চিত করেন, নতুন সংস্কারের মাধ্যমে এক জাতি-এক কর-এর স্বপ্ন বাস্তবায়িত হয়েছে। কেন্দ্র এবং রাজ্যগুলি একযোগে কাজ করলেই আত্মনির্ভর ভারতের স্বপ্ন পূরণ হবে।

**#######BYTE PM ###########**

*****************************************

**Nomo Yuba Run:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, যুব সমাজ যদি নেশার কবল থেকে মুক্ত হয়ে শক্তি, মেধা ও সৃজনশীলতার পথে এগিয়ে যায়, তবেই সুস্থ সমাজ গড়ে উঠবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষ্যে গতকাল আগরতলার উজ্জ্বয়ন্ত প্রাসাদ-এর সামনে থেকে নমো যুব রান শীর্ষক দৌড় এর

সূচনা করে একথা বলেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন ভারতীয় জনতা যুব মোর্চার এই উদ্যোগ শুধু একটি দৌড় প্রতিযোগিতা নয়, বরং নেশামুক্ত ভারত, নেশামুক্ত ত্রিপুরা গড়ার এক অঙ্গীকারের সূচনা। ত্রিপুরা প্রদেশ যুব মোর্চার উদ্যোগে উজ্জয়ন্ত প্রসাদের সামনে থেকে দৌড় শুরু হয়ে রাজধানীর বিভিন্ন পথ পরিক্রমা করে সার্কিট হাউজের সামনে গিয়ে শেষ হয়।

*************************

**Cloth distribution :**

শারদ সাথী কর্মসূচিতে রোটারেক্ট ক্লাব অফ আগরতলা সেন্ট্রালের উদ্যোগে গতকাল বসুন্ধরা চা বাগান এবং দেবীপুর চা বাগানের শ্রমিকদের পরিবারের মধ্যে বস্ত্র বিতরণ করা হয়। ক্লাবের সভাপতি অসিত সাহা জানান, শারদ সাথী কর্মসূচিতে ২৫0 জন মহিলা, ৩0 জন পুরুষ এবং ৩0 জন শিশুকে শাড়ি, শার্ট সহ অন্যান্য বস্ত্র বিতরণ করা হয়েছে ।

************************

**Tripura Community Students Meet :**

ত্রিপুরা সমাজের নতুন প্রজন্মের ছেলে-মেয়েদের নেশার কু-প্রভাব ও কুসংস্কার সম্পর্কে সচেতন করতে গতকাল সাব্রুম টাউন হলে ত্রিপুরা সোরুংনাই বুথুর উদ্যোগে কলেজ পড়ুয়া ছেলে-মেয়েদের নিয়ে সাব্রুম মহকুমা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে ত্রিপুরা চুবালাই বুথুর বিভিন্ন স্তরের সাংগঠনিক নেতৃত্ব উপস্থিত ছিলেন |

***********************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৬তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮00-১১-৭৮00 নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*************************

**Tripura Journalist Union :**

সাংবাদিকদের নিরাপদে সংবাদ সংগ্রহের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য রাজ্য প্রশাসনের কাছে দাবি জানিয়েছে ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়ন| সদরের হেজামারায় সাংবাদিক কমলকান্তি ত্রিপুরা গতকাল আক্রান্ত হয়েছেন বলে জানিয়েছে ইউনিয়ন। ইউনিয়নের সভাপতি প্রণব সরকারের নেতৃত্বে এক প্রতিনিধি দল জিবি হাসপাতালে গিয়ে তার চিকিৎসার ব্যাপারে খোঁজখবর নেন। এই বিষয়ে মুখ্যমন্ত্রীকেও অবহিত করা হয়েছে বলে ইউনিয়নের বিবৃতিতে জানানো হয়েছে|

********************

**Sit and draw :**

মহালয়ার সকালে আগরতলায় নিবেদিতা ক্লাবের উদ্যোগে গতকাল বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রায় একশো`জন খুদে অংকন শিল্পীর তুলির টানে শুরু হয় ক্লাবের শারদোৎসবের কর্মসূচি। নিবেদিতা ক্লাবের সভাপতি পরিমল চক্রবর্তী জানান, শারদোৎসব উপলক্ষে নানা কর্মসূচি পালন করা হবে। গতকাল রাজ্য প্রশাসন ও ক্লাবের যৌথ উদ্যোগে অপরাধ সম্পর্কে সচেতন করতে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা করেন পশ্চিম আগরতলা থানার ও.সি. রানা চ্যাটার্জি সহ অন্যরা।

*********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎসহ দু`এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৯ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত পরিমাপযোগ্য বৃষ্টিপাত ১৭.৮ মিলিমিটার|

*********************

******************